# এইচএসসি পরীক্ষা ২০১৬ এর মডেল প্রশ্ন (সকল বোর্ডের জন্য)

**ভূগোল: দ্বিতীয় পত্র**

বিষয় কোড : | ১ | ২ | ৬ |

সময় — ২ ঘণ্টা ১০ মিনিট | সৃজনশীল প্রশ্ন | পূর্ণমান — ৪০

*[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ দিয়ে লক্ষ করো এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর যথাযথ উত্তর দাও। যে কোনো চারটি প্রশ্নের উত্তর দাও।]*

**১.▶** ফুয়াদের মা-বাবা গ্রামে বাস করে। কিন্তু ফুয়াদ পড়াশোনার জন্য ঢাকার মতিঝিল এলাকায় বাসা ভাড়া করে, যেখানে জনসংখ্যার ঘনত্ব বেশি।

ক. জনমিতি বলতে কী বুঝ? ১

খ. প্রাচীনকালে কোন পুঞ্জীভূত বসতি স্থাপন করা হয়েছিল? ২

গ. ফুয়াদ যেখানে বাসা ভাড়া নিল সেখানে জনসংখ্যার ঘনত্ব বেশি হওয়ার কারণ ব্যাখ্যা করো। ৩

ঘ. ফুয়াদের বাবা-মার বসবাসকৃত অঞ্চলের বসতির বৈশিষ্ট্য আলোচনা করো। ৪

**২.▶** ধান একটি প্রাচীন কৃষিজ পণ্য। এটি পৃথিবীর প্রায় অর্ধেক লোকের প্রধান খাদ্য। পৃথিবীর সব মহাদেশেই ধান জন্মে। তবে পৃথিবীর অধিকাংশ ধান এশিয়া মহাদেশেই উৎপন্ন হয়।

ক. এশিয়ার প্রধান ৪টি ধান উৎপাদনকারী দেশের নাম লেখ। ১

খ. ধান উৎপাদনের ভৌগোলিক নিয়ামকসমূহ উল্লেখ করো। ২

গ. চিত্র অংকন করে পৃথিবীর ধান উৎপাদনকারী অঞ্চল দেখাও। ৩

ঘ. উৎপাদন শীর্ষে পৃথিবীর ৩টি দেশের ধান উৎপাদন বর্ণনা কর। ৪

**৩.▶** বর্তমান বিশ্বে কৃষির পরিবর্তে শিল্পের অগ্রসরতা দ্রুত থেকে দ্রুত গতিতে হচ্ছে। শিল্পায়নের জন্য সুষ্ঠু ব্যবস্থাপনা ও রাজনৈতিক স্থিতিশীলতা জরুরী। এছাড়া শিল্পস্থাপনার সাথে উন্নয়নের গতিশীলতার একটি সম্পর্ক রয়েছে। শিল্পায়ন, ব্যবস্থাপনা ও রাজনৈতিক স্থিতিবস্থা একই রেখার কয়েকটি বিন্দু হিসেবে বিবেচিত।

Teachingbd.com

http://teachingbd.com

ক. শিল্পায়ন কী? ১

খ. শিল্পায়নের জন্য কী কী উপাদান প্রয়োজন? ২

গ. উদ্দীপকের আলোকে শিল্প স্থাপনের সাথে উন্নয়নের সম্পর্ক কী? ব্যাখ্যা করো। ৩

ঘ. শিল্পায়নে সুষ্ঠু ব্যবস্থাপনা ও রাজনৈতিক স্থিতিশীলতার প্রয়োজনীয়তা ব্যাখ্যা করো। ৪

**৪.▶** বাংলাদেশ খনিজ সম্পদে সমৃদ্ধ না হলেও প্রচুর প্রাকৃতিক গ্যাস রয়েছে। এর ওপর নির্ভর করে বিভিন্ন শিল্প কারখানা গড়ে উঠেছে। এছাড়া প্রাকৃতিক গ্যাসের উত্তোলন ও ব্যবহার এদেশের অর্থনীতিকে সম্ভাবনাময় করে তুলেছে।

ক. লৌহ আকরিক কী ধরনের সম্পদ? ১

খ. প্রাকৃতিক গ্যাস কীভাবে সৃষ্টি হয়? ২

গ. উদ্দীপকে আলোচিত খনিজ সম্পদের ব্যবহার ব্যাখ্যা করো। ৩

ঘ. উদ্দীপকের আলোকে বাংলাদেশের অর্থনীতিতে এরূপ খনিজ সম্পদের গুরুত্ব বিশ্লেষণ করো। ৪

**৫.▶** যোগাযোগ ও পরিবর্তন ব্যবস্থা উন্নয়নের পূর্বশর্ত। তাই বাংলাদেশ সরকার বিশ্বায়ন ও বাজার অর্থনীতির প্রেক্ষাপটে আন্তর্জাতিক যোগাযোগ ও যাতায়াত ব্যবস্থার সঙ্গে বাংলাদেশের সংযোগ স্থাপনের প্রয়াসে যোগাযোগ ব্যবস্থার আধুনিকায়ন এবং তথ্য প্রযুক্তির মহাসড়ক অন্তর্ভুক্তিসহ নানা প্রকার পদক্ষেপ গ্রহণ করেছে। তবে রেলপথের ক্ষেত্রে তেমন কোন দৃশ্যমান উন্নয়ন হয়নি।

ক. যোগাযোগ ব্যবস্থা কী? ১

খ. বাংলাদেশে কয়টি সমুদ্র বন্দর আছে ও কী কী? ২

গ. উদ্দীপকের আলোকে যোগাযোগ ও প্রযুক্তির সম্পর্ক ব্যাখ্যা করো। ৩

ঘ. বাংলাদেশের রেলপথের উন্নয়নে কী কী পদক্ষেপ গ্রহণ করা যেতে পারে – ব্যাখ্যা করো। ৪

http://teachingbd.com

৬.▶ বাংলাদেশের জনসংখ্যা দ্রুত বৃদ্ধি পাচ্ছে। এই বাড়তি জনসংখ্যার খাদ্য চাহিদা মেটাতে ফসল উৎপাদনের জন্য জমিতে রাসায়নিক সার ও কীটনাশক ব্যবহার করা হচ্ছে। এর ফলে জলজ উদ্ভিদ ও প্রাণীর ক্ষতিসাধন হয়।

ক. CFC কী? ১

খ. বায়ু দূষণের ৩টি কারণ লিখ। ২

গ. উদ্দীপকের ঘটনাটির ফলে কী ধরনের দূষণ ঘটে? ব্যাখ্যা করো। ৩

ঘ. উদ্দীপকে উল্লিখিত দূষণরোধের উপায়গুলো বিশ্লেষণ করো। ৪

Teachingbd.com

ভূগোল: দ্বিতীয় পত্র বহুনির্বাচনি অভীক্ষা

সময় — ৩৫ মিনিট পূর্ণমান — ৩৫ বিষয় কোড : ১ ২ ৬

*[বিশেষ দ্রষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট করো। প্রতিটি প্রশ্নের মান ১।]*

১. **শিক্ষক শ্রেণিকক্ষে বাংলাদেশ সম্পর্কে ধারণা দেওয়ার জন্য পৃথিবীর একটি মানচিত্র দেখালেন। উদ্দীপকে বর্ণিত দেশটি কত ডিগ্রি দ্রাঘিমার মধ্যে অবস্থিত?**
(ক) ৮৮° ০১ পূর্ব থেকে ৯২° ৪১ পূর্ব
(খ) ২৩° ৩৪ পূর্ব থেকে ২৬° ৩৮ পূর্ব
(গ) ৮৮° ০১ পশ্চিম থেকে ৯২° ৪১ পূর্ব
(ঘ) ৮৮° ০১ পূর্ব থেকে ২৬° ৩৮ পশ্চিম

২. **বাংলাদেশের উত্তরে ভারতের—**
i. পশ্চিমবঙ্গ ii. আসাম
iii. মেঘালয় রাজ্য
**নিচের কোনটি সঠিক?**
(ক) i ও ii (খ) ii ও iii
(গ) i ও iii (ঘ) i, ii ও iii

৩. **বিশ্বের বৃহত্তম গণতান্ত্রিক রাষ্ট্র হলো—**
(ক) ভারত (খ) জাপান
(গ) চীন (ঘ) যুক্তরাষ্ট্র

৪. **বাংলাদেশের মাটিতে ভারতের ছিটমহল কয়টি ছিল?**
(ক) ১০৪ (খ) ১০৬
(গ) ১০৮ (ঘ) ১১১

৫. **যুক্তরাষ্ট্র স্বাধীনতা লাভ করে কোন সময়?**
(ক) ১৭৭৬ সালের ৪ জুলাই
(খ) ১৭৭৯ সালের ৫ অক্টোবর
(গ) ১৯৮০ সালের ৫ জুন
(ঘ) ১৮১৯ সালের ২৬ জুলাই

৬. **বাংলাদেশের প্রধান সমুদ্রবন্দর কোন নদীর তীরে অবস্থিত?**
(ক) পশুর (খ) গোমতী
(গ) কর্ণফুলী (ঘ) রূপসা

**নিচের উদ্দীপকটি পড়ো এবং ৭ ও ৮ নং প্রশ্নের উত্তর দাও:**

কবির রেলপথ ভ্রমণ খুবই উপভোগ করে। কিন্তু পার্বত্য চট্টগ্রামে ভ্রমণের ক্ষেত্রে তাকে অন্য পথ অবলম্বন করতে হলো। কারণ এ অঞ্চলে রেল যোগাযোগ নাই।

৭. **উক্ত অঞ্চলে রেলপথ নেই কেন?**
(ক) নদী অঞ্চল বলে
(খ) জ্বালানি খরচ বেশি বলে
(গ) মৃত্তিকার বুনন মজবুত না বলে
(ঘ) বন্ধুর ভূ-প্রকৃতি বলে

৮. **উদ্দীপকের যোগাযোগ মাধ্যমটি যে যে অঞ্চলে নেই—**
i. রাঙামাটি ii. বান্দরবান
iii. কুমিল্লা
**নিচের কোনটি সঠিক?**
(ক) i ও ii (খ) ii ও iii
(গ) i ও iii (ঘ) i, ii ও iii

৯. **লন্ডনের গ্রীনিচ শহরের উপর দিয়ে উত্তর হতে দক্ষিণে যে রেখা অতিক্রম করেছে তার নাম—**
(ক) অক্ষ রেখা (খ) দ্রাঘিমা রেখা
(গ) মূল মধ্যরেখা (ঘ) বিষুব রেখা

১০. **ভারত কবে স্বাধীনতা লাভ করে?**
(ক) ১৪ই আগস্ট, ১৯৪৭
(খ) ১৫ আগস্ট, ১৯৪৭
(গ) ১৬ আগস্ট, ১৯৪৭
(ঘ) ২৬ জানুয়ারি, ১৯৪৮

১১. **বিশ্বে প্রথম আদমশুমারি কত সালে হয়?**
(ক) ১৬৫০ (খ) ১৬৫৫
(গ) ১৬৬০ (ঘ) ১৬৬৫

১২. **মানুষের প্রয়োজনীয় সম্পদের মূল আধার ও উৎস হলো—**
(ক) বায়ুমন্ডল (খ) শিলামন্ডল
(গ) বারিমন্ডল (ঘ) জীবমন্ডল

১৩. **একটি দেশের জনসংখ্যার অধিক বৃদ্ধিকে কী বলে?**
(ক) জনসংখ্যা অস্থিরতা
(খ) জনসংখ্যা বিস্ফোরণ
(গ) জনসংখ্যা হ্রাস (ঘ) জনসংখ্যা বৃদ্ধি

১৪. **কোন অঞ্চলের লোকেরা বরফের ঘরে বাস করে?**
(ক) তুন্দ্রা (খ) ভূমধ্যসাগরীয়
(গ) মহাদেশীয় (ঘ) নিরক্ষীয়

১৫. **যাযাবর বা অস্থায়ী বসতি কোন অঞ্চলে দেখা যায়?**
(ক) বৃষ্টিবহুল (খ) শুষ্ক
(গ) পাহাড়ি (ঘ) মেরু

Teachingbd.com

১৬. জীবনধারণের জন্য মানুষের প্রথম ও প্রধান চাহিদা কী?
ক) বিশুদ্ধ পানি ও জল খ) বস্ত্র
গ) বাসস্থান ঘ) শিক্ষা

১৭. কোন অঞ্চলে অধিক বসতি স্থাপিত হয়?
ক) ক্রান্তীয় খ) নিরক্ষীয়
গ) মরুময় ঘ) ভূমধ্যসাগরীয় অঞ্চল

নিচের উদ্দীপকটি পড়ো এবং ১৮ ও ১৯ নং প্রশ্নের উত্তর দাও:

কুদ্দুস মিয়া তার এক চিলতে জমিতে সবজি আবাদ করে। প্রতিদিন তার বাড়ির ধারে রাস্তার মোড়ে বসে বিক্রি করে নিজের পরিবারকে চালায়।

১৮. উদ্দীপকে উল্লিখিত কুদ্দুস মিয়া যে পদ্ধতিতে সবজি বিক্রয় করে তা কোনটির অন্তর্ভুক্ত?
ক) প্রাত্যহিক বাজার খ) গ্রামীণ হাট
গ) সাপ্তাহিক হাট ঘ) বিকেলের হাট

১৯. এস্কিমোদের বাসগৃহ কোনটি?
ক) ঝোপনা ঘর খ) মাচাঘর
গ) ইগলু ঘ) বৃক্ষঘর

২০. সপ্তদশ শতাব্দীর নিদর্শন কোনটি?
ক) সাত গম্বুজ মসজিদ খ) তারা মসজিদ
গ) লালবাগ দুর্গ ঘ) ঢাকেশ্বরী মন্দির

২১. প্রাচীন কালের নগরায়ণ কোনটি?
ক) বিক্রমপুর খ) সিলেট
গ) গোপালপুর ঘ) দর্শনা

২২. বানিয়াচং গ্রাম বাংলাদেশের কোন জেলায় অবস্থিত?
ক) নোয়াখালী খ) হবিগঞ্জ
গ) খুলনা ঘ) সুনামগঞ্জ

২৩. বাংলাদেশের কোথায় পুন্ড্র নামের নগর ছিল?
ক) কুমিল্লার ময়নামতি খ) বগুড়ার মহাস্থানগড়
গ) সোনারগাঁও ঘ) লালমনিরহাট

২৪. বাংলাদেশি চায়ের প্রধান ক্রেতা কোন দেশ?
ক) ইতালি খ) ভারত
গ) জার্মানি ঘ) যুক্তরাজ্য

২৫. পৃথিবীর কোন অঞ্চলে ধান, আখ, চা, কলা প্রভৃতি বেশি উৎপাদন হয়ে থাকে?
ক) গ্রীষ্মমণ্ডল খ) বৃষ্টিবহুল
গ) শীতমণ্ডল ঘ) নাতিশীতোষ্ণ

২৬. বাংলাদেশ বিশ্বের কততম বৃহত্তম ধান উৎপাদক দেশ?
ক) ১ম খ) ২য়
গ) ৩য় ঘ) ৪র্থ

২৭. কৃষিকার্যের প্রাকৃতিক নিয়ামক কোনটি?
ক) শ্রমিক খ) মূলধন
গ) মৃত্তিকা ঘ) পরিবহন

২৮. বিশ্বের প্রথম ও প্রধান আকরিক লৌহ উৎপাদনকারী দেশ কোনটি?
ক) অস্ট্রেলিয়া খ) চীন
গ) ভারত ঘ) রাশিয়া

২৯. বর্তমান বিশ্বে সর্বাধিক ব্যবহৃত শক্তি সম্পদ কোনটি?
ক) কয়লা খ) খনিজ তেল
গ) লোহা ঘ) স্বর্ণ

৩০. কোন আকরিক লোহার পরিমাণ সর্বাধিক?
ক) ম্যাগনেটাইট খ) হেমাটাইট
গ) লিমোনাইট ঘ) সিডেরাইট

৩১. বাংলাদেশের ১৭টি চিনিকলের মধ্যে ১০টি কোন বিভাগে গড়ে উঠেছে?
ক) ঢাকা খ) খুলনা
গ) রাজশাহী ঘ) বরিশাল

৩২. কাঁচামাল হিসাবে তিতাস গ্যাস ব্যবহৃত হয়—
i. পলাশ, ইউরিয়া সারকার খানা
ii. যমুনা সার কারখানা
iii. ফেঞ্চুগঞ্জ সার কারখানা
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) ii ও iii
গ) i ও iii ঘ) i, ii ও iii

৩৩. পাকশী কাগজ কল কোন জেলায় অবস্থিত?
ক) খুলনা খ) চট্টগ্রাম
গ) পাবনা ঘ) রাজশাহী

৩৪. বাংলাদেশের রপ্তানি পণ্যগুলো হচ্ছে—
i. তৈরি পোশাক
ii. চামড়াজাত পণ্য
iii. সিরামিক পণ্য
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) ii ও iii
গ) i ও iii ঘ) i, ii ও iii

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| উত্তর | ১ | ক | ২ | খ | ৩ | ক | ৪ | ঘ | ৫ | ক | ৬ | গ | ৭ | ঘ | ৮ | ক | ৯ | গ | ১০ | ঘ | ১১ | ঘ | ১২ | ঘ | ১৩ | ঘ | ১৪ | ক | ১৫ | ঘ | ১৬ | গ | ১৭ | ঘ | ১৮ | ক | ১৯ | গ | ২০ | ক |
| | ২১ | ক | ২২ | খ | ২৩ | খ | ২৪ | ঘ | ২৫ | ঘ | ২৬ | ঘ | ২৭ | গ | ২৮ | খ | ২৯ | খ | ৩০ | ক | ৩১ | গ | ৩২ | ক | ৩৩ | গ | ৩৪ | ঘ | ৩৫ | | | | | | | | | | | |

http://teachingbd.com